# আবার কোন ষড়যন্ত্রে আগমন

১ম পৃষ্ঠার পর

তিনি একবার বাংলাদেশ সফর করেছিলেন। ঠিক সফরের কয়েকদিন পরেই বাংলাদেশে ১/১১ অর্থাৎ বাংলাদেশে রাজনীতির উথান পতনের ঘটনা শুরু হয়। পররাষ্ট্র মন্ত্রনালয়ের সাউথ এশিয়ান বিষয়ক সহকারী পররাষ্ট্রমন্ত্রী তিনি।

স্বাভাবিক ভাবেই বলা হয়ে থাকে এই ধরনের কর্মকর্তারা যখন কোন অস্থিতিশীল রাষ্ট্রে কুটনীতিক সফরে আসে তখন নাকি তাদের ঝোলায় করে অনেক ঘড়যন্ত্র নিয়ে আসে। তার এই সফরে আশা করি এর কোন ব্যাতিক্রম হবে না। তার সফর শেষ হতেই বাংলাদেশে একটা নতুন কিছু ঘটবে এটাই ধরে নেয়া যায়। তার এই সফরে বিশেষ কয়েকটি দিকেরমধ্যে উল্লেখযোগ্য হচ্ছে। বর্তমান সেনাপ্রধানকে কিভাবে রাষ্ট্রপতি হিসেবে গদিতে বসানো যায় এবং

নতুন মার্কিন রাষ্ট্রদূত কট্টরপন্থি জেমস মারিয়াটি নেপালে দক্ষতার সাথে দায়িত্ব পালনের পর এবার নতুন পরিকল্পনা দিয়ে বুশ প্রশাসন তাকে বাংলাদেশে নিযুক্তি দিলেন। কট্টরপন্থি বলে এই প্রথমবারের মতো কোন বাংলাদেশে নিযুক্তিপ্রাপ্ত রাষ্ট্রদূতকে মার্কিন সিনেট কর্তৃক নির্বাচিত হতে হলো।

আসন্ন নির্বাচন কিভাবে বিলম্বিত করা যায়। দুই নেত্রীর ভাগ্য কি হবে। জামায়েতের সঙ্গে গোপন বৈঠক। সেই সাথে সদ্য নিযুক্ত নতুন রাষ্ট্রদূত এর কার্যক্রম সম্পর্কে জেনারেল সাহেবদের অবহিত করা।

এপ্রিল মাসের দ্বিতীয় সপ্তাহে আসবেন যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়া বিষয়ক সহকারী পররাষ্ট্রমন্ত্রী রিচার্ড এ বাউচার। তিনি তিনদিন অবস্থান করবেন। তত্ত্বাবধায়ক সরকার, নির্বাচন কমিশন, সুশীল সমাজ, সংবাদ মাধ্যম ও সংশিষ্ট মহলের সাথে মতবিনিময় করবেন। সম্ভাব্য সকল বিষয়ে অবহিত হবেন।

২০০৮ সালে যুক্তরাষ্ট্র সরকার দুই মাস পর পর একজন উচ্চপদস্থ কর্মকর্তা বাংলাদেশে পাঠাচ্ছে। মার্কিন উপ-সহকারী পররাষ্ট্রমন্ত্রী ডোনাল্ড ক্যাম্প ফেব্রুয়ারির শুরুতে ঢাকা সফর করে যান। তিনি যত দ্রুত সম্ভব জরুরি অবস্থা তুলে নিয়ে নির্বাচনের দিকে অগ্রসর হতে সরকারের প্রতি জোর তাগিদ দিয়ে যান। ডোনাল্ড ক্যাম্পের সফরের দুই মাসের মাথায় এপ্রিলের দ্বিতীয় সপ্তাহে আসছেন রিচার্ড এ বাউচার। জুন মাস নাগাদ বুশ প্রশাসনের বড় কোন নীতি-নির্ধারক আসতে পারেন বলে কূটনৈতিক সত্র আভাস দিয়েছে। তবে এর পাশাপাশি অন্যান্য পর্যায়ের কর্মকর্তারাও বাংলাদেশ সফরে আসবেন। আগামী ১২ ও ১৩ মার্চ ঢাকা সফর করবেন মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয়ের দক্ষিণ এশিয়া ব্যুরোর ডেপুটি ডিরেক্টর রিচার্ড স্যাক্স। তিনি বাংলাদেশ ও পকিস্তান ডেস্কের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা।

দ্রুত গণতান্ত্রিক ব্যবস্থায় ফিরে যাওয়ার প্রক্রিয়ার অগ্রগতি সম্পর্কে ঘনিষ্ঠভাবে জানতেই ঘন ঘন সফরে আসছেন মার্কিন নীতি-নির্ধারকগণ। রাজনৈতিক, কূটনৈতিক ও সরকারি সত্রগুলো এমন আভাসই দিলেও। অভিজ্ঞ মহলের ধারনা তাদের উপস্থিতির পিছনে পর্দার আড়ালে গোপন ষড়যন্ত্র করাই মল উদ্দেশ্য নিহিত। পত্র পত্রিকা এবং ইলেক্ট্রনিক মিডিয়াতে দেয়া তাদের বিভিন্ন মন্তব্য এবং গণতন্ত্রের অধিকার বাস্তবায় শুধুই লোক দেখানো প্রপোগান্ডা। সত্যিকার অর্থে তারা বাংলাদেশে যা লোক সন্মুক্ষে বলছে ঠিক তার উল্টোটাই করার জন্য কাজ করে যাচ্ছে। সম্প্রতি পাকিস্তানের নিরব ভোটের মাধ্রমে সামরিক সরকারকে প্রত্যাখ্যান করে দেয়া মার্কিনীরা মোটেই পছন্দ করে নি। জেনারেল মুশারফকে তারা এখন ছিটকে ফেলে দিয়ে নওয়াজ শরিফকেই আবার প্রধানমন্ত্রী করার জন্য কাজ করে যাচ্ছে। আর এই সময়টাতে বাংলাদেশে একটা অস্থিতিশীল অকার্যকর রাষ্ট্র হিসেবে লালন পালন করে আপাত দৃষ্টিতে তাদের প্রিয় বন্ধু স্বাধীনতা বিরোধী জামায়েত এবং শিবির বাহিনীদের আরো শক্তিশালী করে ভবিষ্যতে রাষ্ট্র ক্ষমতা দখলের দিকে এগিয়ে নিয়ে যাওয়াটাই যুক্তরাষ্ট্র সরকারের মুল পরিকল্পনা।

# স্বাধীনতা দিবসের প্রথম প্রহরে এক মিনিট নিষ্প্রদীপ

স্বাধীনতা দিবসের প্রথম প্রহরে ২৬ মার্চ রাত ১২টা থেকে ১২টা এক মিনিট সারাদেশে ব্যাক আউট (কালো মুহূর্ত) কর্মসচি পালন করবে সেক্টর কমান্ডারস ফোরাম। ১৯৭১ সালের গণহত্যার কালরাত্রির স্মরণে মঙ্গলবার এ কর্মসচি ঘোষণা দেন ফোরাম প্রধান, মুক্তিযুদ্ধের উপ-অধিনায়ক এয়ার ভাইস মার্শাল (অব.) এ কে খন্দকার । তিনি বলেন, সারাদেশ ওই সময় স্তব্ধ ও অন্ধকার থাকবে। এক মিনিটের জন্য যে যেখানে থাকবেন ওই কর্মসচি পালন করতে আহ্বান জানান। স্বাধীনতা দিবস উদযাপন আয়োজক সংগঠক এনবিসিসি মন্ট্রিয়লে এই কর্মসুচীর প্রতি সমর্থন জানিয়ে সকল স্বাধীনতার শক্তি ও দেশ প্রেমী মন্ট্রিয়লবাসীর প্রতি অনুরোধ জানিয়েছেন মন্ট্রিয়ল সময় ২৫ তারিখ রাত ১২ টার পর ১ মিনিট সকল বাতি নিভিয়ে বীর মুক্তি সেনাদের আত্মার শান্তি ও মাগফেরাত কামনায় অংশগ্রহন করার জন্য।

# রাশিয়ার নতুন প্রেসিডেন্ট দিমিত্রি মেদভেদেভ

ডেস্ক রিপোর্ট : রাশিয়ার প্রেসিডেন্ট নির্বাচনে বিদয়ী সরকারের 'প্রথম প্রধানমন্ত্রী দিমিত্রি মেদভেদেভ' বিপুল



ব্যবধানে জয়ী হয়েছেন। নির্বাচনি ফলাফল প্রকাশের পর মেদভেদেভ বলেন, তিনি পর্বসরি প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের নীতি অনুসরণ করবেন। রেড স্কয়ারে এক বিজয় কনসার্টে পুতিনের পাশে দাঁড়িয়ে দেয়া এক বক্তৃতায় তিনি এ অঙ্গীকার করেন।

রাশিয়ার কেন্দ্রীয় নির্বাচন কমিশন প্রকাশিত সর্বশেষ সরকারি ফলাফলে জানা গেছে, রোববারের প্রেসিডেন্ট নির্বাচনে মেদভেদেভ বিপুল ভোটে জয়ী হয়েছেন। এতে দেখা গেছে, গণনাকৃত ৯৮ দশমিক ৫৪ শতাংশ ভোটের মধ্যে ইউনাইটেড রাশিয়া পার্টির মেদভেদেভ ৭০ দশমিক ২১ শতাংশ ভোট পেয়ে এগিয়ে আছেন। আর তার নিকটতম প্রতিদ্বন্দ্বী কমিউনিস্ট পার্টির গেন্নাদি জুগানভ পেয়েছেন ১৭ দশমিক ৭৭ শতাংশ ভোট।

জনমত জরিপেও ৪২ বছর বয়সী দিমিত্রি মেদভেদেভ নির্বাচনে বিপুল ভোটে জয়ী হতে চলেছেন বলে আভাস দেয়া হয়েছিল। রাশিয়ার রাজনীতির প্রতাপশালী নেতা ভ্লাদিমির পুতিন সাংবিধানিক বাধ্যবাধকতার কারণে প্রেসিডেন্ট নির্বাচনে অংশগ্রহণ করতে না পারলেও রাজনৈতিক অঙ্গনে তার প্রভাব আগের মতোই অটুট থাকবে বলে মনে করছেন পর্যবেক মহল। তারা মনে করছেন, মেদভেদেভ দেশের পরবর্তী প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ায় পুতিন 'মুকটহীন রাজার' ভূমিকায় থেকে দেশের রাজনীতিতে কলকাঠি নাড়বেন। কেননা মেদভেদেভ প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছেন পুতিনের

# চীনে বিশ্বের বৃহত্তম এয়ারপোর্ট টার্মিনাল

অলিম্পিক গেমসকে সামনে রেখে চীন পৃথিবীর সবচেয়ে বড় বিমানবন্দর টার্মিনালের উদ্বোধন করেছে। শুক্রবার বেইজিং বিমানবন্দরে নির্মিত এ টার্মিনালের উদ্বোধন করেন টার্মিনালের প্রধান ডিজাইনার ও বিশ্বখ্যাত ব্রিটিশ প্রকৌশলী নরমান ফস্টার। কর্মকর্তারা বলেছেন, এটি আকৃতিতে এত বিশাল যে খালি চোখে এর এক মাথা থেকে আরেক মাথা দেখা যায় না। বেইজিং বিমানবন্দরে আগে থেকেই দুটি বিশাল টার্মিনাল রয়েছে। কিন্তু' চীনের অর্থনীতি দ্রুত সমৃদ্ধ হওয়ায় সেখানে বিদেশীদের যাতায়াত তীব্রগতিতে বেড়েছে। প্রতিদিন সেদেশে এক লাখ ৮০ হাজার লোক বিমানে চড়ে যাচ্ছে তাদের কথা মাথায় রেখে চীন এই বিশাল কর্মযজ্ঞে হাত দেয়। ৩ কিলোমিটার দীর্ঘ এ টার্মিনালটি বানাতে খরচ হয়েছে ৩৬০ কোটি ডলার।

এর কাঠামো তৈরি হয়েছে ইস্পাত ও কাচ দিয়ে। মাথার ওপরের পুরো ছাদই কাচের। টার্মিনালের আকৃতি দেয়া হয়েছে ড্রাগনের আদলে। আর রঙের ক্ষেত্রে হলুদ ব্যবহৃত হয়েছে। চীনের প্রাচীন ঐতিহ্যের কথা মাথায় রেখে এ নকশা করা হয়। বিমান থেকে টার্মিনালটিকে জলজ্যান্ত একটি উড়ন্ত ড্রাগন বলে মনে হবে। এ টার্মিনালে রয়েছে ১৭৫টি এসকেলেটর, ১৭৩টি লিফট, ৪৩৭টি ট্রাভেলেটর, ৬৪টি রেস্টুরেন্ট ও ৩শ' চেক-ইন কাউন্টার। অত্যাধুনিক ব্যাগেজ হ্যান্ডলিং সিস্টেমের জন্য রয়েছে ৫০ কিলোমিটার দীর্ঘ লাগেজ কনভেয়ার বেল্ট। টার্মিনালটির নির্মাণ কাজ শেষ হতে লেগেছে ৪ বছর। ৪০ হাজার শ্রমিক রাত-দিন ২৪ ঘণ্টা কাজ করে এর নির্মাণ সম্পন্ন করেছে।

# কারাগারে তারেক রহমানের এক বছর

কারাগারে এক বছর পর্ণ হচ্ছে বিএনপি'র যুগ্ম মহাসচিব তারেক রহমানের আজ। গত বছর এই মাসে যৌথ বাহিনী মইনুল রোডের বাসা থেকে গ্রেপ্তার করেছিল তাকে। এ পর্যন্ত তার বিরুদ্ধে দায়ের করা হয়েছে আটটি মামলা। সাতটি মামলার কার্যক্রম স্থগিত করেছে হাইকোর্ট। বর্তমানে তিনি চিকিৎসাধীন রয়েছেন পিজি হাসপাতালের প্রিজন সেলে।

# বিয়ের দেনমোহর এক লাখ ২৪ হাজার গোলাপ

ইরানে বিয়ের দেনমোহর হিসেবে স্ত্রীকে প্রতিশ্রুতি দেওয়া ১ লাখ ২৪ হাজার গোলাপ প্রদানের নির্দেশ দেওয়া হয়েছে। স্ত্রীর অভিযোগের পরিপ্রেক্ষিতে ইরানের একটি আদালত স্বামীকে এ নির্দেশ দেন।

আদালতে আনা অভিযোগে স্ত্রী বলেন, বিয়ের অল্প কিছুদিনের মধ্যে তিনি বুঝতে পারেন তার স্বামী অত্যন্ত কৃপণ। বিয়ের ১০ বছরের মধ্যে এক কাপ কফির দামও দেননি তার স্বামী। অন্যদিকে স্বামী আদালতকে জানান, তার ধনকুবের বন্ধু তার স্ত্রীকে এ ধরনের পরামর্শ দিয়েছে। তিনি দিনে কেবল পাঁচটি করে গোলাপ দিয়ে দেনমোহর পরিশোধ করতে পারবেন বলে আদালতকে জানান। আদালত স্বামীর বক্তব্য নাকচ করে দিয়ে রুলিং দেন, ১ লাখ ২৪ হাজারটি গোলাপ স্ত্রীকে না দেওয়া পর্যন্ত স্বামীর ৬৪ হাজার ডলারের ফ্ল্যাট আদালতের কাছে জব্দ থাকবে। ইরানি আইন অনুযায়ী বিবাহিতারা যে কোনো সময় তাদের দেনমোহর দাবি করতে পারেন।